

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :-

স্থান :- উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

তারিখ:- ০৪/০৬/২০২২ খ্রি:

সময়:- সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি:- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। বর্তমানে আউশ আবাদের অগ্রগতি।
- ৩। নিরাপদ সবজি গ্রাম স্থাপন।
- ৪। ফসলের টপ সয়েল কাটার মাধ্যমে ভবিষ্যৎ কৃষি ছমকির সম্মুখীন হওয়া প্রসঙ্গে।
- ৫। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১ জনাব সৈয়দ শাহিনুর ইসলাম	উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা	স্বাক্ষরীত
২ জনাব নিজাম উদ্দীন শামীম	চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৩ জনাব আবদুর রশিদ সওদাগর	চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৪ জনাব মো: নজরুল ইসলাম	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচী:-০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:- সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রূপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী:-০২। বর্তমানে আউশ আবাদের অগ্রগতি :- সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে ৫০০০ হেক্টর আউশ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তবে এখনো সকল সেচ যন্ত্র চালু না হওয়ার কারণে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার সম্ভাবনা রয়েছে। মাঠের বর্তমান পরিস্থিতি ভাল রোগ বালাই ও পোকামাকড় এর তেমন কোন আক্রমণ নাই। উপসহকারী কৃষি অফিসারগণ যথারীতি মাঠে কৃষকদের প্রযুক্তি সহায়তা দিচ্ছেন।

সিদ্ধান্ত:- মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী:- ৩। নিরাপদ সবজি গ্রাম স্থাপন :- সদস্য সচিব সভায় জানান, উপজেলার বাকই ইউনিয়নের এবং পৌরসভায় জৈব বালাই নাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ সবজি গ্রাম স্থাপন করা হয়েছে। এখানে কীটনাশক ব্যবহার ছাড়া শুধু মাত্র ফেরোমোন টেপ, জৈব বালাইনাশক ব্যবহার করে নিরাপদ সবজি উৎপাদন করা হয়। যা মানব দেহের জন্য ক্ষতিকর নয়। প্রকল্প থেকে কৃষকদেরকে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এমতাবস্থায়, উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে অর্থ বরাদ্দ পেলে আরো বৃহৎ আকারে নিরাপদ সবজি উৎপাদন করা সম্ভব। তাছাড়া যে দুইটি গ্রামে নিরাপদ সবজি উৎপাদন করা হয়, সেখানে বিপননের তেমন সুবিধা নেই। তাই উপজেলা হেড কোয়ার্টারে নিরাপদ সবজি বিপননের ব্যবস্থা করা হলে ব্যাপক প্রচারসহ ভোক্তাগণ নিরাপদ সবজি খেতে পারবেন।

সিদ্ধান্ত :- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উল্লেখের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী-৪ : ফসলের টপ সফেল কাটার মাধ্যমে ভবিষ্যৎ কৃষি জমির সঞ্চারিত হওয়া প্রসঙ্গে :- সদস্য সচিব সভায় জানান, উপজেলায় ইটভাটায় ব্যবহারের জন্য যত্নতরভাবে কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে কর্তৃত জমির উর্বরতা হ্রাস পাচ্ছে। এ সব জমিতে পরবর্তী ৩-৪ বছর তেমন ফলন পাওয়া যায় না। কারণ জমির লাক্স স্তরে (৬" গভীর) গাছের অত্যাবশ্যকীয় উপাদানগুলি বিদ্যমান থাকে। এই স্তরের মাটি কেটে নেওয়ার ফলে পড়ে থাকা অনুর্বর মাটিতে ফসল ভাল হয় না। এতে কৃষকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ অবস্থা চলতে থাকলে সামগ্রিক ফলন বিপর্যয় দেখা দিতে পারে। তাই জরুরী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কৃষি জমির উপরি স্তরের মাটি বিক্রি না করার জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদেরকে সচেতন করা হচ্ছে। কিন্তু কিছু কিছু কৃষক নগদ অর্থের আশায় জমির মাটি বিক্রি করছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত :- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উল্লেখের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মহক্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা

স্মারক নং- ১২.১৮.১৯৩১.০০০.০৪১.১৬৪.২০২০- ৩৭৬

তারিখ- ০৪/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। ----- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।



(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।